# ভিসা প্রতারণা থেকে নিরাপদ থাকুন

### অবগত থাকুন (তথ্য জানুন)। আপনার ভিসা, আপনার দায়িত্ব।

ভিসা প্রতারণা ও মিথ্যা প্রতিশ্রুতি থেকে নিজেকে রক্ষা করুন।

প্রতিদিনই, বাংলাদেশিরা অস্ট্রেলিয়ায় বসবাস ও কাজ করার "সহজ" উপায় দেওয়ার দাবি করা প্রতারণার শিকার হচ্ছে। প্রতারণার শিকার হবেন না – এতে আপনি প্রচুর টাকা হারাবেন এবং ভিসা পাবেন না।

অধিকাংশ মানুষই বুঝতে পারেন না যে তাদেরকে প্রতারণা করা হয়েছে, যতক্ষণ না অনেক দেরি হয়ে যায়।

প্রদত্ত তথ্যগুলি আপনাকে এবং আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে সাহায্য করে।

আপনি ভিসা এজেন্ট ব্যবহার করার পরিকল্পনা করুন বা নিজে আবেদন করুন, অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করার আগে যা জানতে হবে তা খুঁজে বের করুন।

## আপনার অস্ট্রেলিয়ান ভিসা আপনার দায়িত্ব

ImmiAccount হল অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করার সরকারি অস্ট্রেলিয়ান ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স ইমিগ্রেশন পোর্টাল – মাইগ্রেশন এজেন্টদের মাধ্যমেও। ImmiAccount সম্পর্কে আরও জানুন।

আবেদনপত্রের সমস্ত তথ্য সত্য এবং সঠিক কিনা নিশ্চিত না করে কখনোই কাউকে আপনার পক্ষে ভিসার জন্য আবেদন করতে দেবেন না। যদি আপনি কোনো ভিসা প্রতারণার সঙ্গে যুক্ত থাকেন (যদি এসব আপনার কাছে অজানাও হয়, এমন ক্ষেত্রেও), তাহলে ভবিষ্যতে আপনাকে অস্ট্রেলিয়া বা অন্য কোনো দেশের ভিসা নাও দেওয়া হতে পারে।

কোন ভিসার জন্য আবেদন করবেন তা নির্ধারণের সময় শুধুমাত্র অফিসিয়াল অস্ট্রেলিয়ান সরকারের সূত্র ব্যবহার করুন। অস্ট্রেলিয়ান ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স এর ওয়েবসাইট দেখুন।

বৈধ ভিসা ছাড়া অস্ট্রেলিয়ায় ভ্রমণ করা বেআইনি। যদি আপনি কাজ করার জন্য অস্ট্রেলিয়ায় যান কিন্তু আপনার কাছে বৈধ কর্ম ভিসা না থাকে, তাহলে আপনাকে প্রবেশে করতে দেয়া হবে না এবং সর্বশেষে যে দেশ থেকে আপনি রওনা হয়েছেন সেখানে ফেরত পাঠানো হবে।

## ভিসা প্রতারণা সম্পর্কে সতর্ক থাকুন

প্রতারক এজেন্টরা প্রায়শই বৈধ অভিবাসন পেশাজীবী হওয়ার ভান করে এবং মানুষকে অবৈধভাবে অস্ট্রেলিয়ায় এসে কাজ করার জন্য উৎসাহিত করে। তারা বেশী ফি আদায় করে এবং মিথ্যা তথ্য ও নথিপত্রসহ আবেদন জমা দেয়। এর ফলে ভিসাধারীর জন্য বড় জরিমানা, কারাদণ্ড এবং অস্ট্রেলিয়া থেকে বহিষ্কার করা হতে পারে।

অনেক প্রতারণামূলক এজেন্ট বায়োমেট্রিক্স লেটার সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য দিচ্ছে। বায়োমেট্রিক্স লেটার সম্পর্কে আরও জানুন।

### ভিসা প্রতারণা শনাক্তের ১০টি শীর্ষ উপায়

1. এজেন্ট অস্ট্রেলিয়ান ভিসার নিশ্চয়তা দেয়া। (এটি কেউই নিশ্চিত করতে পারে না।)
2. এজেন্ট আপনাকে ব্যক্তিগত ট্রান্সফার বা ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে টাকা পাঠাতে বলা।
3. এজেন্ট আপনার বায়োমেট্রিক্স "দ্রুত" করার জন্য অতিরিক্ত অর্থ চাওয়া।
4. এজেন্ট আপনাকে এরকম বলে যে বায়োমেট্রিক্সের চিঠি হল ভিসা পাওয়ার আগে সর্বশেষ ধাপ।
5. এজেন্ট আপনাকে বায়োমেট্রিক্স অ্যাপয়েন্টমেন্টে মিথ্যা তথ্য দিতে বলে।
6. এজেন্ট আপনাকে ImmiAccount-এ আপনার ভিসা আবেদনপত্র যাচাই করতে দিতে না চায় – এটি অস্ট্রেলিয়ান ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স ইমিগ্রেশন পোর্টাল এবং অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করার সময় একমাত্র সরকারি ওয়েবসাইট।
7. ImmiAccount-এ যখন আপনি আপনার ব্যক্তিগত বিবরণ (নাম, জন্মতারিখ, পাসপোর্ট, নাগরিকত্ব) বা যে ভিসাটির জন্য আপনি আবেদন করেছিলেন বলে মনে করেছিলেন তা যাচাই করেন, তখন সেগুলোতে ভুল থাকে।

8. আপনার বায়োমেট্রিক্স লেটারে উল্লেখিত ভিসা ধরন ImmiAccount-এ থাকা তথ্যের সাথে মিল না থাকা।
9. আপনার এজেন্ট আপনাকে একটি ভিসা মঞ্জুরপত্র/ গ্রান্ট লেটার দেয়, কিন্তু ImmiAccount-এ চেক করলে দেখা যায় ভিসাটি প্রত্যাখ্যাত হয়েছে।
10. এজেন্ট আপনাকে অস্ট্রেলিয়ায় যাওয়ার জন্য এমন একটি অস্বাভাবিক বা সন্দেহজনক ভ্রমণপথ নিতে পরামর্শ দেয়, যা সিঙ্গাপুর, কুয়ালালামপুর, ব্যাংকক বা হংকংয়ের মতো সাধারণ সংযোগ কেন্দ্রগুলো এড়িয়ে যায়।

ভিসা প্রতারণা এড়ানোর উপায় সম্পর্কে আরও জানুন।

### প্রতারক এজেন্টের ওয়েবসাইট সম্পর্কে সতর্ক থাকুন

প্রতারক এজেন্টরা খুবই ধূর্ত হয়ে থাকে । অনেকেরই ওয়েবসাইট, ইমেইল ঠিকানা এবং সামাজিক যোগাযোগমাধ্যমের পেজ আছে যা বৈধ মনে হয়। প্রতারণা হতে পারে এরকম একটি ওয়েবসাইট বা ইমেইল এড্রেস এর কিছু লক্ষণ এখানে দেওয়া হলো:

- এজেন্টের ওয়েবসাইট আপনাকে আপনার পাসপোর্ট নম্বর দিতে বলা।
- ওয়েবসাইটের লিঙ্কগুলো কাজ না করা।
- সাইটে একমাত্র যোগাযোগের মাধ্যম হিসেবে একটি WhatsApp নম্বর রয়েছে।
- অস্ট্রেলিয়ান ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স এর পক্ষ থেকে পাঠানো দাবি করে এমন ইমেইলগুলো Gmail বা Hotmail-এর মতো ফ্রি ইমেইল অ্যাকাউন্ট থেকে পাঠানো হয়। (বৈধ হোম অ্যাফেয়ার্স এর ইমেইলগুলোর ঠিকানা **@homeaffairs.gov.au** দিয়ে শেষ হবে।)

## নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট

বাংলাদেশে অস্ট্রেলিয়ান নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টরা কাজ করছেন। এই এজেন্টরা অস্ট্রেলিয়ায় অবস্থিত নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদের মতো একই আচরণবিধি, পেশাগত উন্নয়ন এবং নিয়মাবলীর আওতায় রয়েছেন। আপনি অফিস অফ মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি (OMARA) ওয়েবসাইটে নিবন্ধিত এজেন্টদের তালিকা দেখতে পারেন।

## আপনার সম্প্রদায়কে সুরক্ষিত রাখুন এবং প্রতারণামূলক এজেন্টদের রিপোর্ট করুন

প্রতারণামূলক এজেন্ট এবং সন্দেহজনক অনলাইন মাইগ্রেশন বিজ্ঞাপন ও ওয়েবসাইট রিপোর্ট করুন। স্থানীয় পুলিশকে জানান এবং অস্ট্রেলিয়ার বর্ডার ওয়াচ অনলাইন রিপোর্টে অজ্ঞাতনামায় রিপোর্ট করুন।

যদি আপনি বা আপনার পরিচিত কেউ প্রতারণার শিকার হয়ে থাকেন, তাহলে আপনার বন্ধু, পরিবার এবং সমাজের অন্যদেরকে সতর্ক করুন। তাদের এই ওয়েবপৃষ্ঠার লিঙ্কটি পাঠিয়ে দিন।